## জানুয়ারি ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| তারিখ | ঃ | ১২ জানুয়ারি ২০২৩ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | (পরিশিষ্ট-ক)। |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | (পরিশিষ্ট-খ)। |

উপস্থিত সকলকে ইংরেজি ২০২৩ সনের শুভেচ্ছা জানিয়ে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জনাব মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার দৃষ্টি আকর্ষণ করে কোভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমণ থেকে সুরক্ষার জন্য আবশ্যিকভাবে মাস্ক ব্যবহারের জন্য সরকারি নির্দেশনামতে "No mask, No Service" সর্বোচ্চ গুরুত্বসহ প্রতিপালন করতে সকলের প্রতি অনুরোধ জানানো হয়। অফিসে সেবা প্রত্যাশীদেরকে আবশ্যিকভাবে মাস্ক ব্যবহারের বিষয়টি নিশ্চিত করতে প্রতিটি অফিসের সামনে দৃশ্যমান স্থানে **"No mask, No Entry"** এবং **"মাস্ক ছাড়া প্রবেশ নিষেধ"** লেখা সম্বলিত ব্যানার/স্টিকার সাঁটানোর জন্য অনুরোধ জানানো হয়। করোনা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণের জন্য সামাজিক আন্দোলন গড়ে তোলা ও সকলকে কোভিড-১৯ ভ্যাকসিন / বুস্টার ডোজ গ্রহণে উদ্বুদ্ধ করার উপরও গুরুত্বারোপ করা হয়।

শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি এবং রাজস্ব উন্নয়ন তহবিলের অর্থে বাস্তবায়িতব্য অগ্রাধিকার প্রকল্প তালিকা প্রায় প্রস্তুত। শীঘ্রই টেন্ডার আহবান করা হবে। কারো কোন সংশোধনী থাকলে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সংশোধিত প্রস্তাবনা দাখিলের উপর গুরুত্বারোপ করেন।<br>বেলকা বাজারের পাশে বেলকা-হরিপুর খালের উপর নির্মিতব্য ব্রীজের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধের শর্ত আরোপ করে এডিপি'র টেন্ডারের সাথে টেন্ডার আহবান এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বসবাসের জন্য নতুন বাসভবন নির্মাণের প্রস্তাবনা পেশ করেন। | ১) ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্প বিধিমোবেক দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত সংশোধনী দাখিল করতে হবে।<br>২) বেলকা বাজারের পাশে বেলকা-হরিপুর খালের উপর নির্মিতব্য ব্রীজটির বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধের শর্ত আরোপ করে এডিপি'র টেন্ডারের সাথে টেন্ডার আহবান করতে হবে।<br>৩) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বসবাসের জন্য নতুন বাসভবন নির্মাণের প্রস্তাবনা দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা প্রাণিসম্পদ অফিস. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, শীতে তাপমাত্রা কমার কারণে গবাদি-পশুর এলএসডি রোগের প্রকোপ দেখা দিতে পারে। এ রোগের প্রতিষেধকের বিষয়ে সরকারি কোন বরাদ্দ পাওয়া যায়নি। প্রাণিসম্পদ বিভাগের মাধ্যমে প্রয়োজনীয় চিকিৎসা সহয়তা করার প্রস্তুতি নেয়া হয়েছে। গবাদি-প্রাণিদের যাতে বেশী শীত না লাগে এ বিষয়ে খামারীদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | গবাদি-পশুদের যাতে বেশী শীত না লাগে এবং এলএসডি রোগে আক্রান্ত না হয় সে বিষয়ে খামারীদের উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ/ ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার ছুটিতে থাকায় এ দপ্তরের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ৪. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসারের অনুপস্থিতিতে কৃষি সম্প্রসারণ অফিসার জনাব মিজানুর রহমান জানান, অতিরিক্ত শীতে বোরো ধানের বীজতলার ক্ষতির সম্ভাবনা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী এক ইঞ্চি জমিও পতিত রাখা যাবে না মর্মে প্রতি ইঞ্চি জমি চাষের আওতায় আনার জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এবছর এ উপজেলায় প্রায় ২,৪২০ হেক্টর জমিতে সরিষা চাষ করা হয়েছে। চর এলাকায় প্রচুর পরিমাণে ভুট্টা ও সবজি চাষ করা হয়েছে। ভাল ফলনের আশাবাদ ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, সবজিসহ সব ধরণের ফসলে সেচ সুবিধা প্রদানের লক্ষ্যে এ যাবৎ প্রায় ২ হাজারেরও বেশী সেচ লাইসেন্স প্রদান করা হয়েছে। আরো নতুন সেচ লাইসেন্স প্রদান প্রক্রিয়াধীন। | প্রতি ইঞ্চি জমি চাষাবাদের আওতায় আনতে কৃষি বিভাগকে কৃষকদের সময়োপযোগী ফসল চাষে পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং কৃষি ক্যালেন্ডার প্রস্তুতে আরো বেশি বেশি কাজ করতে হবে। | উপজেলা কৃষি বিভাগ অফিসার ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (চলতি দায়িত্ব) জনাব ডাঃ মোঃ সেকেন্দার আলী অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১ জানুয়ারি ২০২৩ তারিখ সারাদেশের ন্যায় সুন্দরগঞ্জ উপজেলায়ও সকল শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই উৎসব পালন করা হয়েছে। উপজেলা পর্যায়ের শীতকালীন স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতা ০৮ জানুয়ারি ২০২৩ তারিখ হতে শুরু হয়েছে এবং এ প্রতিযোগিতা আগামী ১৬ জানুয়ারি ২০২৩ তারিখ শেষ হবে। প্রতিযোগিতা শেষে উপজেলা পর্যায়ের বিজয়ীদের পুরস্কৃত করা হবে। সকলকে প্রতিযোগিতায় উপস্থিত থেকে উপভোগ করার আহবান জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করে বলেন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধানগণ কৌশলে নিজ পরিবারের লোকদের সভাপতি বানিয়ে নিয়োগ বানিজ্য করছেন মর্মে তার নিকট বিভিন্ন অভিযোগ/অনুযোগ আসে। সম্প্রতি তারাপুর ইউনিয়নের ইমামগঞ্জ সিনিয়র মাদ্রাসার সভাপতি নিয়মনীতি উপেক্ষা করে নিজ ইচ্ছে মতে শিক্ষক বরখাস্তসহ নানা অনিয়ম করছেন। চেয়ারম্যান উপজেলা পরিষদ মহোদয়ের বক্তব্যের প্রেক্ষিতে জানান, শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি তথা সভাপতি নির্বাচনে উপজেলা নির্বাহী অফিসার বা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কোন করণীয় নেই। | ১ জানুয়ারি ২০২৩ তারিখ সারাদেশের ন্যায় সুন্দরগঞ্জ উপজেলায়ও সকল শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই উৎসব পালন করা হয়েছে বিধায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানানো হয়।<br>সকলকে চলমান শীতকালীন স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতায় উপস্থিত থেকে ক্রীড়া প্রতিযোগিতা উপভোগসহ সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।<br>শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কমিটি গঠণকালে যতদূর সম্ভব নিরপেক্ষ এবং এলাকার গ্রহণযোগ্য ব্যক্তিদের সম্পৃক্ত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সেনাবাহিনীর শীতকালীন মহড়ায় আনসার সদস্যগণ সহযোগী হিসেবে কাজ করছে। | সেনাবাহিনীর শীতকালীন মহড়ায় আনসার সদস্যদের সহযোগী হিসেবে সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৯. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ উপজেলা হতে ০৮ জন বেকার যুবককে কৃষি চাষাবাদ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য গাইবান্ধা যুব প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানোর প্রক্রিয়া চলছে। | স্বচ্ছতার সাথে বেকার যুবকদের নির্বাচন করে প্রশিক্ষণের জন্য পাঠাতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন ভাতাভোগীদের পে-রোল দেয়া হয়েছে। নতুনভাবে বরাদ্দ প্রাপ্ত প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন কার্যক্রম চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে প্রকৃত ভিক্ষুকের তালিকা সংগ্রহ করে ভিক্ষুক পূর্ণবাসনের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। | নতুন প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন স্বচ্ছতার সাথে করতে হবে। ভিক্ষুক পূর্ণবাসনে কর্মসূচি বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানগণকে দ্রুত ভিক্ষুকের সঠিক তালিকা দাখিল করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার (ভার:) জনাব মো: আশিকুর রহমান জানান, প্রাথমিক শিক্ষা দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ০১ জানুয়ারি ২০২৩ তারিখ শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে সফলভাবে বই উৎসব পালন করা হয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং জোরদার এবং স্কুল চলাকালীন সময়ে শিক্ষকদের স্কুলে উপস্থিতি ও অবস্থান নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। প্রয়োজনে ট্যাগ অফিসার নিয়োগ করে আকস্মিকভাবে পরিদর্শন করার উদ্যোগ নেয়া যেতে পারে। | শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং জোরদার করতে হবে। স্কুল চলাকালীন সময়ে শিক্ষকদের ১০০% উপস্থিতি এবং অবস্থান নিশ্চিত করাসহ প্রয়োজনে ট্যাগ অফিসার নিয়োগ করে আকস্মিকভাবে পরিদর্শনের উদ্যোগ নিতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১২. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার উপজেলা বন বিভাগ জানান, করাত কল নিয়ন্ত্রণে ভ্রাম্যমান আদালত পরিচালনার করা হচ্ছে। করাত কল মালিকদের লাইসেন্সের আওতায় আনার জন্য করাত কল মালিকদের উদ্বুদ্ধ করা হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার করাত কলের তালিকা দাখিলের উপর গুরুত্বারোপ করেন। | জরুরীভাবে করাত কলের তালিকা দাখিল করতে হবে। এবং সকল করাত কলকে লাইসেন্সের আওতায় আনতে হবে। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৩ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান, ভোটার তালিকা হালনাগাদের কাজ সম্পন্ন হয়েছে। ভোটার তালিকা হালনাগাদের আবারও স্মার্ট কার্ড বিতরণ শুরু করা হবে। স্মার্ট কার্ড বিতরণে ইউপি চেয়ারম্যানদের প্রয়োজনীয় সহযোগিতার উপর গুরুত্বারোপ করেন। | সুষ্ঠুভাবে স্মার্ট কার্ড বিতরণে ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় সংখ্যক গ্রাম পুলিশ নিয়োগ করবেন। | ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের টি,আর ও কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে। ৩১/০১/২০২৩ তারিখের মধ্যেই প্রথম পর্যায়ের কাজ সম্পন্ন করতে হবে। ইজিপিপি কর্মসূচির কাজ শেষ পর্যায়ে যথাসময়ে শ্রমিকদের পারিশ্রমিক পরিশোধ করা হবে।<br>বামনডাঙ্গা, তারাপুর, বেলকা, রামজীবন ও শ্রীপুর ইউনিয়নের ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৩৫০টি 'ক' শ্রেণির ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, এ পর্যন্ত এ উপজেলায় ১,১৯২ টি 'ক' শ্রেণির ঘর নির্মাণ নির্মাণ করা হয়েছে। আরো ৩৫০টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে এবং আরো নতুন করে ১৫০টি ঘরের অনুমোদন পাওয়া যাবে বলে নির্দেশনা পাওয়া গেছে। | সুষ্ঠুভাবে ইজিপিপি কর্মসূচি বাস্তবায়নে ইউপি চেয়ারম্যান এবং সদস্যদের নিবিড়ভাবে তদারকি করতে হবে। নির্মাণাধীন 'ক' শ্রেণির ঘরের কাজ স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণকে মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ, সুন্দরগঞ্জ জানান, বিদ্যুতের সিস্টেম আপডেটের জন্য ৩টি গ্রিডই সপ্তাহে ২দিন করে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রেখে কাজ করা হচ্ছে। আগামী এক মাস সময় লাগতে পারে। সকলকে ধৈর্য্য ধরে সমস্যা মোকবিলার আহবান জানান। বৈদ্যুতিক সরঞ্জামাদি সরবরাহ পাওয়া গেছে। দ্রুতই ক শ্রেণির অবশিষ্ট ঘরে সংযোগ দেয়া সম্ভব হবে। | দ্রুতই ক শ্রেণির অবশিষ্ট ঘরে সংযোগ নিশ্চিত করতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ, সুন্দরগঞ্জ ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | মহিলা বিষয়ক কর্মকর্তা | মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান, মার্তৃত্ব ভাতার সুবিধাভোগী নির্বাচনের নতুন নিয়ম চালু করার নির্দেশনা পাওয়া গেছে। ৩ বছর মেয়াদি এবং মাসিক ৮০০/- টাকা হারে ভাতার সুবিধা পাবেন। উপজেলা কমিটির সভা অনুষ্ঠান করে বিস্তারিত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | মার্তৃত্ব ভাতার সুবিধাভোগী নির্বাচনের সময় প্রয়োজনীয় সকল প্রমাণক সংযুক্ত করে আবেদন দাখিল করতে হবে এবং স্বচ্ছতার সাথে সুবিধাভোগী নির্বাচন নিশ্চিত করতে হবে। | মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৭. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, আশ্রায়ন প্রকল্পের জন্য টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গেছে। দ্রুতই স্থাপনের কাজ শুরু করা হবে। সাধারণ বরাদ্দ এখনও পাওয়া যায় নি। | আশ্রায়ন প্রকল্পে দ্রুত টিউবওয়েল স্থাপন নিশ্চিত করতে হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) |
| ১৮. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে। ইতোমধ্যে জাইকার অর্থায়নে কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করা হয়েছে। ওয়েব পোর্টাল আপডেটের কাজ চলমান আছে। অফিসের জন্য ব্যবহৃত রাউটার নষ্ট হওয়ায় ইন্টারনেটের কাজ করতে ব্যাপক সমস্যা হচ্ছে। | ওয়েব পোর্টাল আপডেট নিশ্চিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার (আইসিটি) ও সংশ্লিষ্ট সকল |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। তিনি আরো জানান, ডিসেম্বর ২০২২ মাসে ১৯,০০৭/- টাকা বিতরণ ও একই সময়ে | ঋণ আদায় এবং বিতরণের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০,৭৭,০০০/- টাকা আদায় হয়েছে। | | |
| ২০ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার দপ্তরে আসা সেবা প্রত্যাশীদের নিয়মিতভাবে সেবা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | সেবা প্রত্যাশীদের সেবা প্রদান কার্যক্রম সঠিকভাবে নিশ্চিত করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিস্ট সকল |
| ২১ | সমবায় অফিস | সমবায় অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এক প্রশ্নের জবাবে জানান, এনআইডি কার্ড ও ছবি দিয়ে সমিতি গঠণ করা হয়ে থাকে। তার দপ্তরের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধির জন্য সমিতির সদস্যদের বিভিন্ন প্রশিক্ষণ ও ঋণ প্রদান করা হয়ে থাকে এ পর্যন্ত ১,২৩,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | পরবর্তী সভায় সভায় ঋণ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ২২ | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) এর অনুপস্থিতিতে উপসহকারী প্রকৌশলী জনাব মোঃ শামীম হাসান জানান, ২৩৮টি নতুন সেচ লাইসেন্স বিতরণ চলছে । প্রাপ্ত অভিযোগ দ্রুত নিস্পত্তির লক্ষ্যে কাজ করা হচ্ছে। সেচ লাইসেন্স প্রদানের স্বার্থে দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিলের উপর উপজেলা নির্বাহী অফিসার গুরুত্বারোপ করেন। | দ্রুত সেচ লাইসেন্স প্রদানের স্বার্থে আবেদনসমূহ সঠিকভাবে তদন্ত করে প্রতিবেদন পেশ করতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) ও সংশ্লিষ্ট সকল |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর (ইউজিডিপি) অসুস্থ থাকায় অনুপস্থিত। এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। ইউজিডিপি এর বরাদ্দকৃত অর্থে গৃহিত প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা ডেপলপমেন্ট ফ্যাসিলেটর (ইউজিডিপি) ও সংশ্লিষ্ট সকল |
| ২৪ | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানার প্রতিনিধি অফিসার ইনচার্জ তদন্ত জনাব মোঃ সেরাজুল হক জানান, বিচ্ছিন্ন দু'একটি ঘটনা ছাড়া উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে আছে। ইরি ধান না লাগানো পর্যন্ত মাঠ ফাকাঁ থাকায় এবং শীতকাল হওয়ায় আরো কিছু দিন গরু চুরির সম্ভাবনা আছে মর্মে আশংকা করে গ্রামপুলিশদের রাত্রিকালীন টহল বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | গরু চুরিসহ সকল প্রকার অপরাধ রোধে রাত্রিকালীন গ্রাম পুলিশদের টহল জোরদার করতে হবে। গুরুতর অপরাধসমূহ নিয়ন্ত্রণে রাখতে জনসচেতনতা বৃদ্ধি করতে সকলকে একসাথে কাজ করতে হবে। | অফিসার ইন চার্জ, সুন্দরগঞ্জ থানা, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ২৫ | অন্যান্য বিভাগীয় কর্মকর্তা | উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনুপস্থিত কর্মকর্তাদের দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব না হওয়ায় তাদেরকে উপজেলা পরিষদের আগামী মাসিক সভাসহ প্রতিটি সভায় নিয়মিতভাবে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের তথ্যাদি সভাকে অবহিত করার উপর গুরুত্বারোপ করা হয়। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | বিভাগীয়/দপ্তর/ অফিস প্রধানগণ |
| ২৬ | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা সভাকে জানান সুন্দরগঞ্জ পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য বৈদেশিক সাহায্যপুষ্ঠ শর্ত সাপেক্ষে প্রকল্পভুক্ত করার প্রাথমিক পর্যায়ে রয়েছে।এ প্রকল্পভুক্ত হলে পৌরসভার রাস্তাঘাট বাসস্ট্যান্ড শিশু পার্ক ইত্যাদি নির্মাণ করা সহজ হবে। একারনে পৌরসভার নিজস্ব আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য নিয়মিত পৌরকর পরিশোধ করতে হবে। | পৌরসভার সার্বিক উন্নয়নের স্বার্থে পৌরবাসীকে নিয়মিত পৌরকর পরিশোধসহ সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা ও সংশ্লিষ্ট সকল |
| ২৭ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার নবযোগদানকৃত নবীন অফিসারদের স্বাগত জানিয়ে তাদেরকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহবান জানান। ভিডব্লিউবি সুষ্ঠভাবে বাস্তবায়ন করার উপর গুরুত্ব আরোপ করেন। উপজেলা পরিষদ পুকুরের সৌন্দর্য্য বর্ধনের জন্য মেয়র সুন্দরগঞ্জ পৌরসভার সহযোগিতা কামনা করেন। বেলকা, কঞ্চিবাড়ি ও শ্রীপুর ইউনিয়নের গ্রাম পুলিশের শূণ্যপদে ০৫ জন গ্রাম পুলিশ নিয়োগ পরিশিষ্ট-'খ' উপস্থাপন করে সভাকে অবহিত করেন। | সুষ্ঠভাবে ভিডব্লিউবি সুবিধাভোগী নির্বাচন করতে হবে। উপজেলা পরিষদ পুকুরের সৌন্দর্য্য বর্ধনে সুন্দরগঞ্জ পৌরসভাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। বেলকা, কঞ্চিবাড়ি ও শ্রীপুর ইউনিয়নের গ্রাম পুলিশের শূণ্যপদে ০৫ জন গ্রাম পুলিশ নিয়োগ পরিশিষ্ট-'খ' অনুমোদন করা.হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ নবযোগদানকৃত নবীন কর্মকর্তাসহ সকলকে স্বাগত জানান। তিনি জানান উপজেলার উন্নয়নে উপজেলা নির্বাহী অফিসার সমন্বয়কারী হিসেবে ভূমিকা রাখেন বিধায় কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধিসহ সকলের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে হবে। উপজেলা পরিষদের পুকুরসহ পৌর শহরের সার্বিক সৌন্দর্য্য বর্ধনে সুন্দরগঞ্জ পৌরসভার ভূমিকা রাখার উপর গুরুত্বারোপ করেন। | সুন্দরগঞ্জের উন্নয়নের স্বার্থে জনপ্রতিনিধিসহ সকল কর্মকর্তা-কর্মচারীকে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করতে হবে। উপজেলা পরিষদের পুকুরসহ সুন্দরগঞ্জ পৌর শহরের সার্বিক সৌন্দর্য্য বর্ধনে সুন্দরগঞ্জ পৌরসভাকে কাজ করতে হবে। | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, উপজেলার কর্মকর্তা-কর্মচারী/ জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকল |

**০৯/১২/২০২২ হতে ১২/০১/২০২৩ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ক | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ডিসেম্বর-২২ মাসের সম্মানী ভাতা | ঃ | ৯৭,০০০/- |
| খ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ডিসেম্বর -২২ মাসের ভ্রমণ ভাতা বাবদ | ঃ | ৩৫,৭৫০/- |
| গ | ডিসেম্বর -২২ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় | ঃ | ৩৫,০০০/- |
| ঘ | ডিসেম্বর -২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের ব্যয় | ঃ | ৮,০০০/- |
| ঙ | ডিসেম্বর -২২ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের মজুরী প্রদান | ঃ | ২০,০০০/- |
| চ | ডিসেম্বর -২২ মাসের উপজেলা পরিষদ জীপ গাড়ী নং- গাইবান্ধা ঘ-১১- ০০২২ এর জ্বালানী বাবদ ব্যয় | ঃ | ২৩,২৭৮/- |
| ছ | ডিসেম্বর -২২ মাসের উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন মিটারের বিদ্যুৎ বিল বাবদ | ঃ | ২২,৫২৫/- |
| জ | ডিসেম্বর -২২ মাসের গ্রামপুলিশদের বেতনের ৫০% ভাগ ইউপি অংশ বাবদ ব্যয় | ঃ | ৪,৯০,৮২৪/- |
| ঝ | ডিসেম্বর -২০২২ মাসের পাম্প ও পানির লাইন মেরামত বাবদ ব্যয় | ঃ | ৩৯,৭৯০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.০১.২০২৩

(মোঃ আশরাফুল আলম সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

মুজিব ১০০

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫-২৮ (৪৫)

তারিখ ঃ ২৮ পৌষ ১৪২৯ / ১২ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৭। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১০। উপজেলা . . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১৩। জনাব . . . . . . . . . . . . . . সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

১২.০১.২০২৩

(মোহাম্মদ-আল-মারুফ)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd